(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭

**পরিপত্র**

বিষয়: **খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনা ও ডিলার নিয়োগ।।**

'জাতীয় খাদ্য নীতি ২০০৬' অনুসরণে দেশের সকল মানুষের জন্য নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করা এবং দারিদ্র্য বিমোচন করে জিরো হাঙ্গার লক্ষ্যমাত্রা অর্জনের প্রত্যয়ে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র জনগোষ্ঠীর মাঝে ভর্তুকি মূ্ল্যে খাদ্যশস্য বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমের পরিধি অধিকতর স্বচ্ছ, গতিশীল ও জনহিতকর করার লক্ষ্যে 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০১৭' বাতিলক্রমে 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০২৪' জারি করা হয়েছে। 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনা ও ডিলার নিয়োগের জন্য নিম্নোক্ত নির্দেশনাসমুহ প্রতিপালন করতে হবেঃ

(i) 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে উপকারভোগীদের তালিকা হালনাগাদ করতে হবে। কোন উপকারভোগীর মৃত্যু হলে, কোন উপকারভোগী অন্যত্র স্থানান্তরিত হলে এবং কোন উপকারভোগীর দারিদ্র্য থেকে উত্তোরণ ঘটলে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডব্লিউবি কর্মসূচির উপকারভোগীদের সাথে দ্বৈততা থাকলে যাচাই-বাছাই করে সে সকল উপকারভোগীর স্থলে নতুন উপকারভোগী অন্তর্ভুক্ত করে তালিকা হালনাগাদ করতে হবে;
(ii) 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করতে হবে; এই নীতিমালার আওতায় ডিলার নিয়োগ না হওয়া পর্যন্ত বর্তমানে নিয়োজিত ডিলারগণ দ্বারা খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালিত হবে;
(iii) 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে নিয়োগপ্রাপ্ত খাদ্যবান্ধব ডিলারগণ কার্যক্রম শুরু করার প্সারথম দিনেই বর্তমানে নিয়োজিত ডিলারগণের ডিলারশিপ কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে;
(iv) 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০২৪' অনুসারে নিয়োগপ্রাপ্ত ডিলারদের মাধ্যমে সারাদেশে একযোগে আগামী মার্চ-এপ্রিল ২০২৫ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রমে খাদ্যশস্য বিতরণ শুরু করা হবে;
(v) খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগের জন্য পত্রিকায় আবশ্যিকভাবে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;
(vi) উপজেলা কমিটি প্রতি ইউনিয়নে কম-বেশী প্রতি ৫০০ (পাঁচশত) জন উপকারভোগী পরিবারের জন্য ০১ (এক) জন করে ডিলার নিয়োগের সুপারিশ করে জেলা কমিটির নিকট প্রস্তাব প্রেরণ করবে। জেলা কমিটি ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ডিলার নিয়োগের সুপারিশ/প্রস্তাব নিষ্পত্তি করবে। কোন ইউনিয়নে প্রয়োজনীয় সংখ্যক ডিলার পাওয়া না গেলে পার্শ্ববর্তী ইউনিয়নের ডিলারের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা যাবে;
(vii) যোগ্যতা বিবেচনায় নিয়ে নীতিমালার আলোকে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ প্রক্রিয়া সম্পাদন করতে হবে;
(viii) একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করতে হবে;
(ix) বর্তমানে নিয়োজিত ডিলারগণ 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;
(x) এ মন্ত্রণালয়ের ১১ আগস্ট ২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.১৫৫ নম্বর স্মারকের নির্দেশনার আলোকে নিয়োগকৃত ডিলারগণের কার্যক্রম সন্তোষজনক হলে এবং ডিলার হিসেবে নিয়োগে কমিটি কর্তৃক উপযুক্ত বিবেচিত হলে কমিটির সুপারিশ মোতাবেক তাদের পুনরায় নিয়োগ করা যাবে;
(xi) **খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুসারে কমিটি গঠনকালীন দপ্তর/সংগঠনের কোন প্রতিনিধিকে সদস্য হিসেবে**

**অন্তর্ভুক্তির ক্ষেত্রে কোনো সমস্যা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট খাদ্যবান্ধব কমিটির সভাপতি প্রয়োজনে ঐ সংগঠনের প্রতিনিধি/সদস্যের স্থলে সরকারি কর্মকর্তা অন্তর্ভুক্ত করে পূর্ণাঙ্গ কমিটি গঠন করতে পারবেন;**

(xii) খাদ্যবান্ধব কর্মসূচি বিতরণ কেন্দ্রের স্থান নির্বাচনকালে জনবহুলতা, দারিদ্র্য মানুষের ঘনবসতিকে অগ্রাধিকার দিতে হবে; সাধারণ জনগণের দৃষ্টি গোচরিভুত হয় এবং যোগাযোগের সুব্যবস্থা রয়েছে এ ধরণের স্থান বিতরণ কেন্দ্র হিসেবে নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

(xiii) প্রাকৃতিক পরিবেশ অনুকূলে থাকলে উপকারভোগীদের চাহিদার প্রেক্ষিতে, প্রয়োজনে খাদ্যবান্ধব কমিটি খাদ্যবান্ধব কর্মসূচির বিতরণ কেন্দ্রের স্থান পরিবর্তন করে খাদ্যশস্য বিক্রয়ের জন্য ডিলারদের নির্দেশনা প্রদান করতে পারবে;

(xiv) যে কোনো জরুরী প্রয়োজনে ডিলার প্রতিনিধির মাধ্যমে খাদ্যশস্য উত্তোলন করতে হলে উপজেলা খাদ্যবান্ধব কমিটি সদস্য সচিবের দপ্তরে প্রতিনিধির প্রয়োজনীয় তথ্যাদি দাখিল করে অনুমতিপত্র গ্রহণ করতে পারবে;

(xv) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৩ জুলাই ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০৬.১৩.০৩ নম্বর স্মারকে নির্ধারিত মূল্য ট্রেজারি চালানের মাধ্যমে অর্থ পরিশোধ করে ডিলার খাদ্যগুদাম থেকে খাদ্যশস্য উত্তোলন করবেন। খাদ্যশস্য মূল্য সরকার কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত হলে পরিবর্তিত মূল্যে ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত খাতে অর্থ জমা প্রদান করে খাদ্যশস্য গুদাম থেকে উত্তোলণ করে বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে ( কপি সংযুক্ত); এবং

(xvi) উত্তোলিত মালামাল খাদ্যবান্ধব কমিটি কর্তৃক নির্বাচিত বিতরণ কেন্দ্রসমূহে সকাল ৯.০০ হতে ৫.০০ পর্যন্ত সময়ে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

২৩-১০-২০২৪
কুল প্রদীপ চাকমা
উপসচিব
+৮৮০২৯৫১৪৬১৬ (ফোন)
+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)
dssupply1@mofood.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
৪। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৫। জেলা প্রশাসক (সকল);
৬। উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় এবং
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২৩-১০-২০২৪
কুল প্রদীপ চাকমা
উপসচিব